



**খুলনায় শিক্ষক নিয়োগ  
পরীক্ষায় ১০ ভূয়া  
পরীক্ষার্থী খেঁচার**

খুলনা প্রতিনিধি : খুলনাসহ পার্শ্ববর্তী এলাকায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের লিখিত পরীক্ষায় ১০ জন ভূয়া পরীক্ষার্থী ধরা পড়েছে। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে। গত শুক্রবার এই পরীক্ষা অনুষ্ঠিত হয়।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, খুলনা নগরী দুটি কেন্দ্র থেকে কর্তৃপক্ষ ভূয়া পরীক্ষার্থী ভারত চন্দ্র সরদার (২৩), হায়দার আলী (২২) ও রেজাউল করিমকে (২২) আটক করে পুলিশে সোপর্দ করেছে। অপর দিকে নড়াইল জেলার বিভিন্ন কেন্দ্র থেকে সৈয়দা রেশমা খানম, উম্মে রুমানা মেহেরুন্নাহার, লিজা মণ্ডল, আনিস হাসান ও উৎপল কুমার দাস নামে ছয় ভূয়া পরীক্ষার্থীকে আটক করে কর্তৃপক্ষ পুলিশে দিয়েছে। এছাড়া যশোর জেলা থেকে নাজমুল হোসেন নামে ভূয়া পরীক্ষার্থী হাতেনাতে ধরা পড়েছে। সূত্রটি জানায়, ভূয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় মামলা দায়ের করা হয়েছে। তবে গত শুক্রবার অনুষ্ঠিত পরীক্ষায় কতোজন ভূয়া পরীক্ষার্থী অংশ নিয়েছে এ ব্যাপারে কর্তৃপক্ষের সঠিক কোনো ধারণা নেই। তবে ধারণা করা হচ্ছে পরীক্ষার্থীদের মধ্যে অনেকে ভূয়া পরীক্ষার্থী থাকলেও কর্তৃপক্ষ তাদের ধরতে পারেনি।